বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email: dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়-১(৫৯)/২০২২-২৩/ ৮৫৪(৩) তারিখ ঃ ০২-০৪-২০২৩খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের পূর্বে ঋণ হিসাবের সকল হিসাবায়ন সংশ্লিষ্ট নিরীক্ষা কার্যালয় কর্তৃক প্রাক-নিরীক্ষাকরতঃ নিরীক্ষা প্রত্যয়ন দাখিল নিশ্চিতকরণ প্রসঙ্গে ।**

মহোদয়

শিরোণামের বিষয়ের প্রতি সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। দীর্ঘ দিনের আটকে পড়া শ্রেণীকৃত ঋণ আদায়ের স্বার্থে ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮, তারিখ ০৬/০৮/২০১৮ এর আওতায় ঋণগ্রহীতার ক্ষতিগ্রস্থতার বিষয় বিবেচনায় নিয়ে প্রধান কার্যালয় ও মাঠ কার্যালয় কর্তৃক সুদ মওকুফ করা হয়।

০৩। মাঠ কার্যালয় কর্তৃক প্রেরিত সুদ মওকুফ প্রস্তাবে ঋণ হিসাবের হিসাবায়নের বিষয়ে গত ২০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ক্রেডিট কমিটির ৪৬৫তম সভায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

**" ক্রেডিট কমিটি সভায় সুদ মওকুফ সংক্রান্ত উপস্থাপিতব্য কার্যপত্রসমূহে ঋণের সঠিক হিসাবায়ন নিশ্চিত হয়ে সুস্পষ্টভাবে দায়দেনার তথ্য সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে, নির্দিষ্ট তারিখ ভিত্তিক দায়দেনার সঠিক হিসাবায়নের জন্য নিরীক্ষা দল কর্তৃক প্রাক-নিরীক্ষা সম্পাদন করতে হবে এবং নিরীক্ষার প্রত্যয়ন কার্যপত্রের সাথে দাখিল নিশ্চিত করতে হবে যাতে সুদ মওকুফ সংক্রান্ত বিষয়াদি পর্ষদ কর্তৃক চুড়ান্ত অনুমোদনের পরে আরোপিত সুদ/আদায়যোগ্য ঋণের স্থিতি হিসাব জটিলতা সৃষ্টি না হয়। "**

০৪। এমতাবস্থায়, ক্রেডিট কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের পূর্বে ঋণ হিসাবের সকল হিসাবায়ন নিশ্চিত হয়ে দায়দেনার সঠিক হিসাবায়ন সংক্রান্ত নিরীক্ষা প্রত্যয়নপত্র প্রস্তাবের সাথে সংযুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত
০২/০৪/২৩
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

প্রকা/আদায়-১(৫৯)/২০২২-২৩/ ৮৫৪(৩)(৭) তারিখ ঃ ০২-০৪-২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উপমহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি (অধীনস্থ কার্যালয় কর্তৃক সুদ মওকুফের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি (অধীনস্থ কার্যালয় কর্তৃক সুদ মওকুফের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ।
০৭। নথি/মহানথি।

02/04/2023
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক